দৈনিক ইত্তেফাক

তারিখ 0.6 MAY 1994
পৃষ্ঠা 7 কলাম 5

154

## সরকারী কলেজ অধ্যাপক ও প্রভাষক সমিতির কর্মসূচী স্থগিত

চলতি এস এস সি পরীক্ষা পরিচালনার স্বার্থে বাংলাদেশ সরকারী কলেজ অধ্যাপক সমিতি ও প্রভাষক সমিতি আগামীকাল (৭ মে) হইতে তাহাদের আহূত কর্মবিরতির কর্মসূচী স্থগিত ঘোষণা করিয়াছে। গতকাল (বৃহস্পতিবার) শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমিরউদ্দিন সরকারের

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## সরকারী কলেজ অধ্যাপক

(১ম পৃঃ পর)

সহিত দুই সমিতির নেতৃবৃন্দের এক বৈঠকে ১২ দফা দাবী লইয়া সন্তোষজনক আলোচনার প্রেক্ষিতে নেতৃবৃন্দ এই সিদ্ধান্ত নেন। বৈঠকে ২৩৩টি সরকারী কলেজে নূতন পদ সৃষ্টি, সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও অধ্যাপকদের উচ্চতর স্কেল প্রদান, চলতি মাসের ৩১ তারিখের মধ্যে শূন্যপদে পদোন্নতি প্রদান এবং পদোন্নতিপ্রাপ্ত ও ক্ষতিগ্রস্ত শিক্ষকদের ভূতাপেক্ষ জ্যেষ্ঠতা প্রদানসহ বিভিন্ন দাবী লইয়া বিস্তারিত আলোচনা করা হয়। বৈঠকে উভয় সমিতির সভাপতি অধ্যাপক কামাল আতাউর রহমান, সহ-সভাপতি রুহুল আমিন, মহাসচিব অধ্যাপক নদিউন আলম এবং প্রভাষক সমিতির মহাসচিব আলতাফ হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

—তথ্য বিবরণী